


**ভার্সিটি শিক্ষকদের
দাবি বিবেচনার
কমিটি**

।। স্টাফ রিপোর্টার ।।
সরকার বিশ্ববিদ্যালয় শিক্ষকদের
দাবি-দাওয়া বিবেচনার জন্য একটি
উচ্চ পর্যায়ের কমিটি গঠনের
সিদ্ধান্ত নিয়েছেন। বৃহস্পতি বিশ্ব-
শেষ পঃ ৪-এর কঃ দঃ



বৃহস্পতি টিএসসিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন আয়োজিত সমাবেশে
বক্তৃতা করেন ফেডারেশনের মহাসচিব ডঃ মিজানুল হক

ভার্সিটি শিক্ষকদের

(১ম পৃঃ পর)

বিদ্যালয় শিক্ষক সমিতি ফেডা-
রেশনের এক সমাবেশে সরকারের
এ সিদ্ধান্তের কথা জানানো হয়।
এর পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়
শিক্ষকরা গতকাল আংশিক কর্ম-
সূচী পালন করেন।

স্বতন্ত্র বেতন কটামো ও পেশা-
গত বিভিন্ন সুযোগ-সুবিধার
দাবিতে সকল বিশ্ববিদ্যালয়ের
শিক্ষকগণ মঙ্গলবার থেকে দুদিন-
ব্যাপী কর্মসূচী পালন শুরু
করেন। কর্মসূচীর প্রথম দিনে
পূর্ণ কর্মকিরতি পালিত হয়।
দ্বিতীয় দিনের কর্মসূচী ছিল
পূর্ণ কর্মবিরতি, সমাবেশ, শোভা
যাত্রা ও বঙ্গভবনের সামনে অব-
স্থান।

গতকাল টিএসসিতে অনুষ্ঠিত
বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডা-
রেশনের সমাবেশে সভাপতিত্ব
করেন ফেডারেশনের সভাপতি প্রফে-
সর আমিনুল ইসলাম। সমাবেশে
প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের একজন
করে প্রতিনিধি বক্তৃতা করেন।
প্রফেসর আমিনুল ইসলাম তাঁর
বক্তৃতায় জানান যে মঙ্গলবার গভীর
রাতে শিক্ষা উপমন্ত্রী শিক্ষকদের
দাবিদাওয়া বিবেচনা করার জন্য
একটি কমিটি গঠনের সিদ্ধান্তের
কথা জানিয়ে ফেডারেশনের নেতৃ-
বৃন্দের নিকট একটি চিঠি পাঠি-
য়েছেন। চিঠিতে শিক্ষকদের বৃহ-
স্পতির কর্মসূচী স্বাগত রাখারও
অনুরোধ জানানো হয়। সরকারী
সিদ্ধান্তের প্রেক্ষিতে ফেডারেশনের
গতকালের নির্ধারিত মিছিল ও বঙ্গ-
ভবনের সামনে অবস্থানের কর্ম-
সূচী স্বাগত ঘোষণা করা হয়।

গতকাল সমাবেশে গঠিত
প্রস্তাবে আগামী ১২ই ডিসেম্বরের
মধ্যে কমিটি গঠন, কমিটির সদস্য-
দের নাম ঘোষণা, ২৫শে ডিসে-
ম্বরের মধ্যে কমিটির বিপোর্ট
প্রকাশ এবং ৩০ তারিখের মধ্যে
রিপোর্টের সুপারিশসমূহ বাস্ত-

বায়নের দাবি জানানো হয়। অপর
এক প্রস্তাবে ১২ই ডিসেম্বরের মধ্যে
প্রস্তাবিত কমিটি গঠন করা না
হলে ১৩ই ডিসেম্বর পরবর্তী কর্ম-
সূচী ঘোষণার সিদ্ধান্ত নেয়া হয়।

গতকালের সমাবেশে ফেডারেশ-
নের কর্মসূচী আংশিক স্বাগত
ঘোষণায় কয়েকজন তরুণ শিক্ষক
প্রতিবাদ জানান। তাঁরা সমাবেশে
বক্তব্য রাখার সুযোগ দেয়ার জন্য
সভাপতির নিকট দাবি জানান।